

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫১০

প্রব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. চন্দ্র ও সূর্যগ্রহণের সালাত - বাতাস জোরে প্রবাহিত হলে বা ঝড়ের অবস্থায় যা বলতে হয়

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: مَا هَبَّتْ رِيحٌ قَطُّ إِلَّا جَثَا النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ عَلَى رُكْبَتَيْهِ, وَقَالَ: «اللَّهُمَّ اجْعَلْهَا رَحْمَةً, وَلَا تَجْعَلَهَا عَذَابًا». رَوَاهُ الشَّافِعِيُّ وَالطَّبَرَانِيُّ

ضعيف. رواه الشافعي في «المسند» (1/ 175/502) وفي «الأم» (1/ 253)، والطبراني في «الكبير» (11/ 213 ـ 414/ 11533)، وفي «الدعاء» (977) من طريق عكرمة، عن ابن عباس. ولكن لم يأت عن عكرمة إلا من طريق ضعيف أو متروك

বাংলা

৫১০. ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, প্রবল ঝড়ো হাওয়া প্রবাহিত হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁটু পেতে বসে পড়তেন আর এই বলে দু'আ করতেন- হে আল্লাহ! তুমি একে আমাদের জন্য রহমত (কল্যাণপ্রস্) কর আর তাকে তুমি 'আযাবে পরিণত করো না। —শাফিঈ ও ত্বাবারানী।[1]

ফুটনোট

[1] নাসিরুদ্দীন আলবানী তাখরীজ মিশকাত (১৪৬৪) এর সানাদকে অত্যন্ত দুর্বল বলেছেন, সিলসিলা যঈফা (৫৬০০) গ্রন্থে বলেছেন, এ সংক্রান্ত সবই মুনকার। ইমাম যায়লায়ী তাখরাজুল কাশশাফ (৩/৫৯) গ্রন্থে বলেন, এর সানাদে হুসাইন বিন কায়েস রয়েছে যাকে ইমাম আহমাদ ও নাসায়ী দুর্বল আখ্যায়িত করেছেন। এর অন্য



একটি সানাদ রয়েছে। আলবানীর সিলসিলা যঈফা (৪২১৭) গ্রন্থেও হাদীসটিকে অত্যন্ত দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন